



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-৩৪২/ ২৭৭৬

তারিখঃ ১২.১২.২০১৭খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

সূত্রঃ নং-বামাশিবো/সংস্থাপন/আপিল নথি নং-১৭/৪১৯/৮; তারিখঃ ০৯.০৮.২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার নাংগলকোট উপজেলাধীন দাসনাইপাড়া ইসলামিয়া মহিলা দাখিল মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মোঃ আবু ইউসুফ খান এর ১৩/০৭/২০০১৬খ্রিঃ তারিখের চূড়ান্ত বরখাস্ত আদেশ বাতিল পূর্বক স্বপদে পুনর্বহালের জন্য অত্র বোর্ড হতে সূত্রে উল্লিখিত স্মারকে সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারকে পত্র দেয়া হয়।

সুপার জনাব মোঃ আবু ইউসুফ খান এবং ভারপ্রাপ্ত সুপার কর্তৃক বোর্ডের পুনর্বহালের আদেশ প্রত্যাহারের আবেদন মোতাবেক বোর্ডের বিগত ০৯/০৮/২০১৭খ্রিঃ তারিখের আদেশ/সিদ্ধান্ত অদ্যাবধি বাস্তবায়িত হয় নাই মর্মে প্রতীয়মান হয়। সভাপতি কর্তৃক বোর্ডের সিদ্ধান্ত বাস্তবায়নের ব্যর্থতার কোন কারণ দাখিল করা হয় নাই।

বর্ণিত অবস্থায় বোর্ডের আদেশ অমান্য করায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮ এর ক্ষমতাবলে এ দপ্তর হতে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না তার সন্তোষজনক জবাব আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এবং প্রবিধান-৪৬(৬) মোতাবেক কেন ভারপ্রাপ্ত সুপারের বেতন-ভাতা বাবদ সরকারি অনুদান প্রদান বাতিলের জন্য সংশ্লিষ্ট দপ্তরে সুপারিশ/আইনগত ব্যবস্থা করা হবে না তার সন্তোষজনক জবাব আগামী ০৭ (সাত) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৭/১২/১৭  
প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি- ম্যানেজিং কমিটি, দাসনাইপাড়া ইসলামিয়া মহিলা দাখিল মাদ্রাসা, নাংগলকোট, কুমিল্লা।

২) ভারপ্রাপ্ত সুপার, দাসনাইপাড়া ইসলামিয়া মহিলা দাখিল মাদ্রাসা, নাংগলকোট, কুমিল্লা।

নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-৩৪২/

তারিখঃ ১২.১২.২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, নাংগলকোট, কুমিল্লা।
২. জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাংগলকোট, কুমিল্লা।
৪. জনাব মোঃ আবু ইউসুফ খান, সুপার, দাসনাইপাড়া ইসলামিয়া মহিলা দাখিল মাদ্রাসা, নাংগলকোট, কুমিল্লা।
৫. সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি, দাসনাইপাড়া ইসলামিয়া মহিলা দাখিল মাদ্রাসা, নাংগলকোট, কুমিল্লা।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪